



তথ্যবিবরণী

নম্বর- ১৪৮

রাজশাহী বিভাগীয় বইমেলায় সমাপনী অনুষ্ঠিত

রাজশাহী; ১০ পৌষ (২৫ ডিসেম্বর):

আজ বুধবার (২৫ ডিসেম্বর) সন্ধ্যায় নগরীর কালেক্টরেট মাঠে রাজশাহী বিভাগীয় প্রশাসনের সার্বিক ব্যবস্থাপনায় ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত আট দিনব্যাপী রাজশাহী বিভাগীয় বইমেলা-২০২৪ এর শেষদিনে সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে বিভাগীয় কমিশনার বলেন, এখন বিভিন্ন প্রকাশনী সংস্থা গড়ে উঠেছে যারা বইয়ের বাণিজ্যিকীকরণের দিকেও গুরুত্ব দিচ্ছে। বইমেলায় বাণিজ্যিকভাবে বই ক্রয় ও বিক্রয়ের মাধ্যমে প্রকাশনীগুলো তা করতে পারছে। সেটাও একটি প্রয়োজনীয় দিক। বইমেলায় দর্শনার্থীরা শুধু যে বই কিনছেন তা নয় বিভিন্ন স্টলে বইগুলো দেখেও তারা উপকৃত হচ্ছেন। কোন বইটার কী নাম, পৃষ্ঠা উল্টিয়ে দুই এক পৃষ্ঠা পড়াও হয়ে যাচ্ছে।

বইমেলায় বিভিন্ন সেক্টরের জ্ঞানীশুনী মানুষের সমাবেশ ঘটেছে উল্লেখ করে তিনি বলেন, জ্ঞানটা হলো সেই যা আপনার মধ্যে জানার আগ্রহ তৈরী করে। কী জানতাম না আর কী জানা দরকার-বই পড়ার মাধ্যমে পাঠকরা নিজের ভিতরে যে সম্ভাবনা আছে তা উন্মোচিত করতে পারেন। বইমেলা পাঠককে সে সুযোগ তৈরি করে দেয়।

বিশেষ অতিথির বক্তব্যে জেলা প্রশাসক আফিয়া আখতার বলেন, আমরা প্রত্যেকটা মানুষ এক একটি জ্ঞানের ভান্ডার। বই হচ্ছে সেই জ্ঞানটাকে উন্মোচিত করার একটা পদ্ধতি। আমার ভিতরে কী জ্ঞান আছে এটা কিন্তু আমি নিজেও অনেক সময় জানিনা। জ্ঞানের অন্যতম উৎস হিসেবে বই আমাদের সেই সত্ত্বাটাকে জাগিয়ে তোলে।

অনুষ্ঠানে চিত্রাঙ্গন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কারস্বরূপ ক্রেস্ট ও সনদ তুলে দেন বিভাগীয় কমিশনার। বইমেলায় অংশ নেয়া ১০০টি স্টল এর মধ্যে সেরা স্টল প্রতিযোগিতায় যথাক্রমে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারকারী অন্যধারা, গাজীপ্রকাশনী এবং সত্যায়ন প্রকাশনীকে পুরস্কৃত করা হয় এবং মেলায় অংশগ্রহণকারী প্রত্যেকটি স্টলকেই সম্মাননা সনদ প্রদান করা হয়।

বড়দিনের ছুটি থাকায় মেলার শেষদিনে দর্শনার্থীদের ভীড়ে মেলা প্রাঙ্গন ছিল উৎসবমুখর।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) মো. রেজাউল আলম সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোঃ আলমগীর রহমান, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, রাজশাহী পুলিশ সুপার ফারজানা ইসলাম এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের উপপরিচালক মোঃ ফরিদ উদ্দিন সরকার। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা ও বিভাগীয় প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, শিল্পীগণ, দর্শনার্থী এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

.....
তৌহিদ/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/২০:৩০ ঘ.